

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ২৬, ২০১৩

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৬ ফেব্রুয়ারি, ২০১৩/১৪ ফাল্গুন, ১৪১৯

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৬ ফেব্রুয়ারি, ২০১৩/১৪ ফাল্গুন, ১৪১৯ তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে ঃ—

২০১৩ সনের ০৬ নং আইন

১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকর করিবার লক্ষ্যে প্রণীত আইন।

যেহেতু সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) দ্বারা ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত অধ্যাদেশসমূহ অনুমোদন ও সমর্থন (ratification and confirmation) সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিলের ৩ক ও ১৮ অনুচ্ছেদ বিলুপ্ত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহ কার্যকারিতা হারাইয়াছে; এবং

যেহেতু সিভিল পিটিশন ফর লীড টু আপীল নং ১০৪৪-১০৪৫/২০০৯ এ সুপ্রীমকোর্টের আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ (১৯৭৯ সনের ১নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় উক্ত সময়ের মধ্যে জারীকৃত উক্ত অধ্যাদেশসমূহ কার্যকারিতা হারাইয়াছে; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহ ও উহাদের অধীন প্রণীত বিধি, প্রবিধান বা আদেশবলে কৃত কাজ-কর্ম, গৃহীত ব্যবস্থা বা কার্যধারাসমূহ, অথবা প্রণীত, কৃত, গৃহীত বা সূচীত বলিয়া বিবেচিত কাজ-কর্ম, ব্যবস্থা বা কার্যধারাসমূহ আইনের শাসন, জনগণের অর্জিত অধিকার সংরক্ষণ এবং প্রজাতন্ত্রের কর্মের ধারাবাহিকতা বহাল ও অক্ষুণ্ণ রাখিবার নিমিত্ত, জনস্বার্থে, উহাদের কার্যকারিতা প্রদান আবশ্যিক; এবং

(১২৮৯)

মূল্য ঃ টাকা ১২.০০

যেহেতু উক্ত সময়ে জারীকৃত কতিপয় সংশোধনী অধ্যাদেশসমূহ (amending Ordinances) দ্বারা প্রচলিত আইন সংশোধন করা হইয়াছে বিধায় আইনের শাসন, জনগণের অর্জিত অধিকার সংরক্ষণ এবং প্রজাতন্ত্রের কর্মের ধারাবাহিকতা বহাল ও অক্ষুণ্ণ রাখিবার নিমিত্ত, জনস্বার্থে, উহাদের কার্যকর রাখা আবশ্যিক; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহের অধীন সূচীত কার্যধারাসমূহ বা গৃহীত ব্যবস্থা বা কাজ-কর্ম বর্তমানে অনিষ্পন্ন বা চলমান থাকিলে, জনস্বার্থে, উক্ত কার্যধারাসমূহ বা গৃহীত ব্যবস্থা বা কাজ-কর্ম চলমান রাখা আবশ্যিক; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশ কার্যকারিতা হারাইবার ফলে সৃষ্ট আইনী শূন্যতা পূরণ করিবার লক্ষ্যে আশু ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে মর্মে রাষ্ট্রপতির নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান হওয়ায় এবং সংসদ অধিবেশনে না থাকিবার কারণে বিগত ২১ জানুয়ারি ২০১৩ তারিখে রাষ্ট্রপতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে উক্ত অধ্যাদেশসমূহকে তফসিলভুক্ত করিয়া ২০১৩ সালের ১ নম্বর অধ্যাদেশ জারী করেন; এবং

যেহেতু সংবিধানের ৯৩(২) অনুচ্ছেদের নির্দেশনা পূরণকল্পে, নবম জাতীয় সংসদের ১৬তম অধিবেশনের ২৭ জানুয়ারি ২০১৩ তারিখে অনুষ্ঠিত প্রথম বৈঠকে ২০১৩ সালের ১নং অধ্যাদেশ উপস্থাপিত হইয়াছে এবং উহার পরবর্তী ৩০ দিন অতিবাহিত হইলে অধ্যাদেশটির কার্যকরতা লোপ পাইবে; এবং

যেহেতু দীর্ঘসময় পূর্বে জারীকৃত অধ্যাদেশসমূহ যাচাই-বাছাইপূর্বক বাংলায় নূতনভাবে আইন প্রণয়ন করা সময় সাপেক্ষ; এবং

যেহেতু উপরি-বর্ণিত প্রেক্ষাপট বিবেচনায় ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশ কার্যকর করা সমীচীন ও প্রয়োজন;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে—

(ক) “অধ্যাদেশ” অর্থ ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত ধারা ৪ এ উল্লিখিত অধ্যাদেশসমূহ; এবং

(খ) “তফসিল” অর্থ এই আইনের তফসিল।

৩। আইনের প্রাধান্য।—আপাততঃ বলবৎ অন্য কোন আইনে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলী কার্যকর থাকিবে।

৪। কতিপয় অধ্যাদেশের কার্যকারিতা প্রদান।—১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল তারিখ পর্যন্ত (উভয় দিনসহ) সময়ের মধ্যে জারীকৃত —

(ক) তফসিলভুক্ত অধ্যাদেশসমূহ, এবং

(খ) অন্যান্য অধ্যাদেশসমূহ দ্বারা প্রচলিত কোন আইন, আদেশ বা অধ্যাদেশ সংশোধন করা হইয়া থাকিলে উক্ত সংশোধনী অধ্যাদেশসমূহ (amending Ordinances),

এমনভাবে কার্যকর থাকিবে যেন উহা এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, জাতীয় সংসদ কর্তৃক প্রণীত কোন আইন :

তবে শর্ত থাকে যে, এই ধারার অধীন ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকর করা হইলেও যতটুকু উহাদের বিষয়বস্তুর (contents) সহিত সংশ্লিষ্ট শুধুমাত্র ততটুকু গ্রহণ করা হইয়াছে মর্মে গণ্য হইবে এবং উক্ত সময়কালে অবৈধ ও অসাংবিধানিকভাবে রাষ্ট্রক্ষমতায় আসীন সামরিক শাসন আমলের কৃত কর্মের অনুমোদন ও সমর্থন (confirmation and ratification) করা হইয়াছে বলিয়া কোনক্রমেই বিবেচিত হইবে না।

৫। হেফাজতকরণ।—(১) অধ্যাদেশসমূহ ও উহাদের অধীন প্রণীত বিধি, প্রবিধান বা আদেশবলে কৃত কাজ-কর্ম, গৃহীত ব্যবস্থা বা কার্যধারাসমূহ, অথবা প্রণীত, কৃত, গৃহীত বা সূচীত বলিয়া বিবেচিত কাজ-কর্ম, ব্যবস্থা বা কার্যধারাসমূহ এমনভাবে নিষ্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে যেন এই আইনের বিধানাবলী বলবৎ ছিল।

(২) অধ্যাদেশসমূহের অধীন দায়েরকৃত কোন মামলা বা সূচীত কোন কার্যধারা বা গৃহীত কোন কাজ-কর্ম বা ব্যবস্থা নিষ্পন্নাদীন থাকিলে উহা এমনভাবে নিষ্পন্ন করা যাইবে যেন উহা সংশ্লিষ্ট অধ্যাদেশ এর অধীন দায়েরকৃত বা সূচীত বা গৃহীত হইয়াছে।

(৩) অধ্যাদেশসমূহের অধীন কৃত কাজ-কর্ম, গৃহীত ব্যবস্থা বা কার্যধারাসমূহের ফলস্বরূপ কোন প্রতিকার বা করণীয় বাস্তবায়নের স্বার্থে উক্ত প্রতিকার বা করণীয় পদক্ষেপ সংশ্লিষ্ট অধ্যাদেশের অধীন বাস্তবায়িত হইবে।

৬। তফসিল সংশোধনের ক্ষমতা।—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, প্রয়োজনে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, তফসিল সংশোধন করিতে পারিবে।

৭। বিধি প্রণয়নের ক্ষমতা।—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

৮। রহিতকরণ।—১৯৭৫ সালের আগস্ট ২০ হইতে ১৯৭৯ সালের এপ্রিল ৯ পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) অধ্যাদেশ, ২০১৩ (২০১৩ সনের ১নং অধ্যাদেশ), এতদ্বারা রহিত করা হইল।

তফসিল

[ধারা-২(খ) দ্রষ্টব্য]

- (১) The Government of Bangladesh (Services) (Repeal) Ordinance, 1975 (Ordinance No. XLIV of 1975).
- (২) The District Administration (Repeal) Ordinance, 1975 (Ordinance No. XLV of 1975).
- (৩) The Government Servants (Review of Penalties) Ordinance, 1975 (Ordinance No. XLVIII of 1975).
- (৪) The Gandhi Ashram (Board of Trustees) Ordinance, 1975 (Ordinance No. LI of 1975).
- (৫) The Jatiya Rakkhi Bahini (Absorption in the Army) Ordinance, 1975 (Ordinance No. LII of 1975).
- (৬) The Bidi Manufacture (Prohibition) Ordinance, 1975 (Ordinance No. LVII of 1975).
- (৭) The Bangladesh Government Hats and Bazars (Management) (Repeal) Ordinance, 1975 (Ordinance No. LIX of 1975).
- (৮) The Registration (Extension of Limitation) Ordinance, 1975 (Ordinance No. LX of 1975).
- (৯) The Universities Laws Amendment Ordinance, 1975 (Ordinance No. LXII of 1975).
- (১০) The Dhaka Metropolitan Police Ordinance, 1976 (Ordinance No. III of 1976).
- (১১) The International Finance Corporation Ordinance, 1976 (Ordinance No. XII of 1976).
- (১২) The Pharmacy Ordinance, 1976 (Ordinance No. XIII of 1976).
- (১৩) The Delimitation of Constituencies Ordinance, 1976 (Ordinance No. XV of 1976).
- (১৪) The Statutory Corporations (Delegation of Powers) (Repeal) Ordinance, 1976 (Ordinance No. XVI of 1976).
- (১৫) The Alienation of Land (Distressed Circumstances) (Restoration) Ordinance, 1976 (Ordinance No. XXVIII of 1976).
- (১৬) The Supreme Court Judges (Travelling Allowances) Ordinance, 1976 (Ordinance No. XXX of 1976).

-
- (১৭) The Investment Corporation of Bangladesh Ordinance, 1976 (Ordinance No. XL of 1976).
- (১৮) The Land Development Tax Ordinance, 1976 (Ordinance No. XLII of 1976).
- (১৯) The Appropriation Ordinance, 1976 (Ordinance No. XLIII of 1976).
- (২০) The Appropriation (Railways) Ordinance, 1976 (Ordinance No. XLIV of 1976).
- (২১) The Finance Ordinance, 1976 (Ordinance No. XLV of 1976).
- (২২) The Appropriation (Supplementary) Ordinance, 1976 (Ordinance No. XLVI of 1976).
- (২৩) The Railway Nirapatta Bahini Ordinance, 1976 (Ordinance No. XLVII of 1976).
- (২৪) The Bangladesh Jute Corporation (Repeal) Ordinance, 1976 (Ordinance No. XLIX of 1976).
- (২৫) The Newspapers (Annulment of Declaration) (Repeal) Ordinance, 1976 (Ordinance No. L of 1976).
- (২৬) The Chittagong Port Authority Ordinance, 1976 (Ordinance No. LII of 1976).
- (২৭) The Mongla Port Authority Ordinance, 1976 (Ordinance No. LIII of 1976).
- (২৮) The Public Servants (Marriage with Foreign Nationals) Ordinance, 1976 (Ordinance No. LVII of 1976).
- (২৯) The Bangladesh Agricultural Research Institute Ordinance, 1976 (Ordinance No. LXII of 1976).
- (৩০) The Inland Shipping Ordinance, 1976 (Ordinance No. LXXII of 1976).
- (৩১) The Bangladesh Shishu Academy Ordinance, 1976 (Ordinance No. LXXIV of 1976).
- (৩২) The Chittagong Hill Tracts Development Board Ordinance, 1976 (Ordinance No. LXXVII of 1976).
- (৩৩) The Rajshahi Town Development Authority Ordinance, 1976 (Ordinance No. LXXVIII of 1976).
- (৩৪) The Police Officers (Special Provisions) Ordinance, 1976 (Ordinance No. LXXXIV of 1976).

-
- (৩৫) The National Agriculture Award Fund Ordinance, 1976 (Ordinance No. LXXXVII of 1976).
- (৩৬) The Bangladesh Petroleum Corporation Ordinance, 1976 (Ordinance No. LXXXVIII of 1976).
- (৩৭) The Chittagong Division Development Board Ordinance, 1976 (Ordinance No. LXXXIX of 1976).
- (৩৮) The Vested and Non-Resident Property (Administration) (Repeal) Ordinance, 1976 (Ordinance No. XCII of 1976).
- (৩৯) The Bangladesh Malaria Eradication Board (Repeal) Ordinance, 1977 (Ordinance No. X of 1977).
- (৪০) The Government of Bangladesh (Services Screening) (Repeal) Ordinance, 1977 (Ordinance No. XV of 1977).
- (৪১) The Bangladesh Biman Corporation Ordinance, 1977 (Ordinance No. XIX of 1977).
- (৪২) The Appropriation Ordinance, 1977 (Ordinance No. XXI of 1977).
- (৪৩) The Appropriation (Supplementary) Ordinance, 1977 (Ordinance No. XXII of 1977).
- (৪৪) The Finance Ordinance, 1977 (Ordinance No. XXIII of 1977).
- (৪৫) The Appropriation (Railways) Ordinance, 1977 (Ordinance No. XXIV of 1977).
- (৪৬) The Appropriation (Railways Supplementary) Ordinance, 1977 (Ordinance No. XXV of 1977).
- (৪৭) The Minimum Wages (Fixation) (Repeal) Ordinance, 1977 (Ordinance No. XXIX of 1977).
- (৪৮) The Seeds Ordinance, 1977 (Ordinance No. XXXIII of 1977).
- (৪৯) The Tea Ordinance, 1977 (Ordinance No. XXXVIII of 1977).
- (৫০) The Regulation of Salary of Employees Laws (Repeal) Ordinance, 1977 (Ordinance No. XLII of 1977).
- (৫১) The Export Promotion Bureau Ordinance, 1977 (Ordinance No. XLVII of 1977).
- (৫২) The Bangladesh Travel Agencies (Registration and Control) Ordinance, 1977 (Ordinance No. XLVIII of 1977).

-
- (৫৩) The Housing and Building Research Institute Ordinance, 1977 (Ordinance No. XLIX of 1977).
- (৫৪) The Rural Electrification Board Ordinance, 1977 (Ordinance No. LI of 1977).
- (৫৫) The Cost and Management Accountants Ordinance, 1977 (Ordinance No. LIII of 1977).
- (৫৬) The Bangladesh Public Service Commission Ordinance, 1977 (Ordinance No. LVII of 1977).
- (৫৭) The Financial Institutions Laws Amendment Ordinance, 1977 (Ordinance No. LXI of 1977).
- (৫৮) The Bangladesh Sericulture Board Ordinance, 1977 (Ordinance No. LXII of 1977).
- (৫৯) The Bangladesh Handloom Board Ordinance, 1977 (Ordinance No. LXIII of 1977).
- (৬০) The Government Servants (Review of Penalties) (Dissolution of Review Board) Ordinance, 1978 (Ordinance No. II of 1978).
- (৬১) The Prevention of Malaria (Special Provisions) Ordinance, 1978 (Ordinance No. IV of 1978).
- (৬২) The Bangladesh Council of Scientific and Industrial Research Ordinance, 1978 (Ordinance No. V of 1978).
- (৬৩) The Madrasah Education Ordinance, 1978 (Ordinance No. IX of 1978).
- (৬৪) The Supreme Court Judges (Remuneration and Privileges) Ordinance, 1978 (Ordinance No. XI of 1978).
- (৬৫) The Defence Services Laws Amendment Ordinance, 1978 (Ordinance No. XVIII of 1978).
- (৬৬) The Bangla Academy Ordinance, 1978 (Ordinance No. XIX of 1978).
- (৬৭) The Finance Ordinance, 1978 (Ordinance No. XXI of 1978).
- (৬৮) The Appropriation (Railways Supplementary) Ordinance, 1978 (Ordinance No. XXII of 1978).
- (৬৯) The Appropriation (Railways) Ordinance, 1978 (Ordinance No. XXIII of 1978).
- (৭০) The Appropriation (Supplementary) Ordinance, 1978 (Ordinance No. XXIV of 1978).

- (৭১) The Appropriation Ordinance, 1978 (Ordinance No. XXV of 1978).
- (৭২) The Asian Reinsurance Corporation Ordinance, 1978 (Ordinance No. XXVII of 1978).
- (৭৩) The Political Parties Ordinance, 1978 (Ordinance No. XLV of 1978).
- (৭৪) The Foreign Donations (Voluntary Activities) Regulation Ordinance, 1978 (Ordinance No. XLVI of 1978).
- (৭৫) The Chittagong Metropolitan Police Ordinance, 1978 (Ordinance No. XLVIII of 1978).
- (৭৬) The Law Reforms Ordinance, 1978 (Ordinance No. XLIX of 1978).
- (৭৭) The International Centre for Diarrhoeal Disease Research, Bangladesh, Ordinance, 1978 (Ordinance No. LI of 1978).
- (৭৮) The Government Servants (Special Provisions) Ordinance, 1979 (Ordinance No. XI of 1979).
- (৭৯) The Bangladesh Telegraph and Telephone Board Ordinance, 1979 (Ordinance No. XII of 1979).
- (৮০) The Railway Property (Unlawful Possession) Ordinance, 1979 (Ordinance No. XVII of 1979).
- (৮১) The President's Pension Ordinance, 1979 (Ordinance No. XVIII of 1979).
- (৮২) The Bangladesh Sangbad Sangstha Ordinance, 1979 (Ordinance No. XX of 1979).
- (৮৩) The Leader and Deputy Leader of the Opposition (Remuneration and Privileges) Ordinance, 1979 (Ordinance No. XXI of 1979).
- (৮৪) The Defence Services (Supreme Command) Ordinance, 1979 (Ordinance No. XXIII of 1979).
- (৮৫) The Armed Police Battalions Ordinance, 1979 (Ordinance No. XXV of 1979).

মোঃ মাহফুজুর রহমান
সচিব।